

📖 সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ১০৪০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২০৩. সালাত শেষে পুরুষদের পূর্বে মহিলাদের প্রস্থান করা

باب انصراف النساء قبل الرجال من الصلاة

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُحْيَى، وَمُحَمَّدُ بْنُ رَافِعٍ، قَالَا حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا مَعْمَرٌ، عَنْ الزُّهْرِيِّ، عَنْ هِنْدَ بِنْتِ الْحَارِثِ، عَنْ أُمِّ سَلَمَةَ، قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا سَلَّمَ مَكَثَ قَلِيلًا وَكَانُوا يَرَوْنَ أَنَّ ذَلِكَ كَيْمَا يَنْفُذُ النِّسَاءُ قَبْلَ الرَّجَالِ .

– صحيح : خ لكنه جعل قوله : (وَكَانُوا يَرَوْنَ) مدرجاً من قول الزهري

বাংলা

১০৪০। উম্মু সালামাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতের সালাম ফিরানোর পর কিছুক্ষণ অপেক্ষা করতেন। লোকদের ধারণা, মহিলারা যেন পুরুষদের আগে চলে যেতে পারে সেজন্য তিনি এরূপ করতেন।[1]

সহীহ : বুখারী, কিন্তু তার বক্তব্যঃ ”লোকদের ধারণা....” এটি মুদরাজ, যুহরীর উক্তি।

English

Umm Salamah said; When the Messenger of Allah (ﷺ) gave the salutation, he stayed for a while. By this people thought that women should return earlier than men.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : আযান, অনুঃ সালাম, হাঃ ৮৩৭), নাসায়ী (অধ্যায় : সাহু, অনুঃ সালামের মাঝে ইমামের জলসা, হাঃ ১৩৩২), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্বায়িম, অনুঃ সালাত শেষে ইমামের মুখ ফিরানো, হাঃ ৯৩২)

সকলে ইবনু শিহাব হতে। হাদীসের (ওয়া কানু ইয়ারাওনা) অংশটুকু যুহরীর উক্তি, যা হাদীসে মুদরাজ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ উস্মু সালামাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=58358>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন